# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**23 JANUARY 2025** **7:45—7:55**

---

১) সরকারী ক্ষেত্রের সাধারণ বীমা কোম্পানী এবং জাতীয় কৃষি ও গ্রামোন্নয়ন ব্যাঙ্ক ( নাবার্ড )-এর মঞ্জুরী সংশোধনীতে কেন্দ্রীয় সরকারের অনুমোদন ।

২) নেতাজী সুভাষ চন্দ্র বসুর জন্ম জয়ন্তী আজ পরাক্রম দিবস হিসেবে পালিত / বরাক উপত্যকায়ও বিভিন্ন কার্যসূচি ।

এবং

৩) আজ বিদ্যার অধিষ্ঠাত্রী দেবী সরস্বতীর পূজো , বরাক উপত্যকায়ও উৎসবের মেজাজ ।

---

কেন্দ্রীয় সরকার সরকারী ক্ষেত্রের সাধারণ বীমা কোম্পানী এবং জাতীয় কৃষি ও গ্রামোন্নয়ন ব্যাঙ্ক ( নাবার্ড )-এর মঞ্জুরী সংশোধনীতে অনুমোদন জানিয়েছে । একই সঙ্গে ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক এবং নাবার্ডের অবসরপ্রাপ্ত কর্মচারীদের পেনশনের সংশোধনীতেও অনুমোদন জানো হয়েছে । কেন্দ্রীয় অর্থ মন্ত্রনালয় আজে  কথা জানিয়ে বলেছে যে এর ফলে ৪৪ হাজার ৩শো ২২ জন কর্মচারী , ২৩ হাজার ৫শো ৭০ জন পেনশনার এবং ২৩ হাজার ২শো ৬০টি পেনশনভূগী পরিবার লাভবান হবে । বর্ধিত মূল্যবৃদ্ধির প্রতি লক্ষ্য রেখে এই সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে । মন্ত্রনালয় জানিয়েছে যে ২ হাজার ২২ সালের পয়লা আগষ্ট থেকে সরকারী ক্ষেত্রের সাধারণ বীমা কোম্পানীর কর্মচারীদের এই সংশোধনী কার্যকর হবে । ফলে ১৪ শতাংশ মূল বেতন এবং মহার্ঘভাতা বৃদ্ধি সহ কর্মচারীদের ১২ দশমিক ৪-১ শতাংশ মজুরী বৃদ্ধি হবে । নাবার্ড এবং ভারতীয় রিজার্ভ ব্যাঙ্কের কর্মচারীদের সংশোধন ২ হাজার ২২ সালের পয়লা নভেম্বর থেকে

কার্যকর হবে । মন্ত্রনালয় আরো জানিয়েছে যে নাবার্ডের এ , বি এবং সি গ্রেডের কর্মচারীদের প্রায় ২০ শতাংশ সংশোধন হবে এবং ভারতীয় রিজার্ভ ব্যাঙ্কের পেনশনারদের পেনশন ১০ শতাংশ বৃদ্ধি হবে ।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর আগামী ১৪ ফেব্রুয়ারী ব্রম্মপুত্র নদের ওপর গৌহাটি-উত্তর গৌহাটির মধ্যে নবনির্বিত সেতুর উদ্বোধন করার সম্ভাবনা রয়েছে । এই উদ্দেশ্যে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা প্রধানমন্ত্রীকে আসাম সফরে আসার আমন্ত্রণ জানিয়েছেন বলে সামাজিক মাধ্যমে প্রকাশ করেছেন । ওই সফরকালে প্রধানমন্ত্রী ইন্ডিয়ান ইনষ্টিটিউট অব মেনেজমেন্টের শুভারম্ভ এবং ১শোটি ইলেক্ট্রনিক বাসের সূচনা ও মরাণে এডভান্স ল্যান্ডি ফেসেলিটি অর্থাৎ ভারতীয় বায়ু সেনার বিমান জাতীয় মহাসড়কে অবতরণ করার ব্যবস্থার সূচনা অনুষ্ঠানে অংশ গ্রহণ করার কথা রয়েছে । মুখ্যমন্ত্রী ডক্টর শর্মা আরো জানিয়েছেন যে ওই সময় প্রধানমন্ত্রী কোকরাঝার এবং ভূটানের গেলেফুর মধ্যে রেল লাইনের শিলান্যাসও করবেন । এদিকে আগামী ২৩ জানুয়ারী কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহরও আসম সফরের কথা রয়েছে । ওই সময় তিনি ডিব্রুগড়ে দ্বিতীয় আসাম বিধানসভার শিলান্যাস করবেন ।

---

নেতাজি সুভাষ চন্দ্র বসুর ১৩০ তম জন্মজয়ন্তীর সঙ্গে সঙ্গতি রেখে সমগ্র দেশে আজ পরাক্রম দিবস পালন করা হয়েছে । আসামের বিভিন্ন স্থানে নেতাজির স্মরণে বিভিন্ন কার্যসূচি অনুষ্ঠিত হয়েছে । গুয়াহাটির পল্টন বাজারের নেতাজী চ'কে আজ সারা আসাম নেতাজি সুভাষ চন্দ্র বসুর জন্মজয়ন্তী উদযাপন সমিতির উদ্যোগে মহান স্বাধীনতা সংগ্রামীর ১৩০ তম জন্মজয়ন্তী উদযাপন করা হয়েছে । এই উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে রাজ্যের জনস্বাস্থ্য ও কারিগরি বিভাগের মন্ত্রী জয়ন্তমল্ল বড়ুয়া মুখ্য অতিথি হিসেবে অংশগ্রহণ করে নেতাজির প্রতিমূর্তিতে শ্রদ্ধা নিবেদন করেন । তিনি ভারতকে ব্রিটিশ শাসন থেকে মুক্ত করতে আজাদ হিন্দ ফৌজ গঠন করে সংগ্রাম চালিয়ে যাওয়া বীর নেতাজির অদম্য সাহস ও বীরত্বের প্রতি শ্রদ্ধা জানিয়েছেন । এছাড়াও রাজ্যের নানা স্থানে নেতাজি জন্মজয়ন্তী উৎসাহ ও উদ্দীপনায় পালিত হয়েছে ।

বরাক উপত্যকার তিন জেলায় আজ যথাযোগ্য মর্যাদায় নেতাজি জন্মজয়ন্তী উদযাপন করা হয়েছে । শিলচরে কেন্দ্রীয় নেতাজি জন্মজয়ন্তী উদযাপন কমিটির উদ্যোগে শহরের নরসিংটোলা মাঠ থেকে এক শোভাযাত্রা শহরের প্রধান প্রধান সড়ক

পরিক্রমা করে পরে রাঙ্গিরখাড়িতে নেতাজির প্রতিমূর্তিতে মাল্যদান করে শ্রদ্ধা নিবেদন করা হয় । এই শোভাযাত্রায় বিভিন্ন বিদ্যালয়ের ছাত্র-ছাত্রী, সংস্থা-সংগঠনের সদস্য, এন সি সি ক্যাডেট প্রমুখ অংশগ্রহণ করে । পরে ইন্ডিয়া ক্লাব মাঠে এসে এই শোভাযাত্রা শেষ হয় । সেখানে পতাকা উত্তোলন সহ কুচকাওয়াজ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয় । এছাড়া শিলচর শহরের বিভিন্ন সংস্থা-সংগঠন আজ নেতাজি জন্মজয়ন্তী উপলক্ষে খেলাধূলা, সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করেছে । আমরা বাঙালির পক্ষ থেকে নেতাজি জন্মজয়ন্তী উপলক্ষে আজ শিলচরের গান্ধীবাগে নেতাজির প্রতিমূর্তিতে শ্রদ্ধা জানানো হয় । পরে সন্ধ্যায় দলের আসাম রাজ্য সচিব সাধন পুরকায়স্থের পৌরহিত্যে আয়োজিত এক সভায় নেতাজির জন্মদিনকে জাতীয় ছুটির দিন ঘোষণা করা, নেতাজির অর্ন্তধান রহস্য উদঘাটন, তাঁকে স্বাধীন ভারতের প্রথম রাষ্ট্রপ্রধান হিসেবে ঘোষণা করা, দেশের সামরিক বাহিনীতে বেঙ্গল রেজিমন্ট গঠন করা, একুশে অক্টোবর আজাদহিন্দব সরকারের প্রতিষ্ঠা দিবসকে সরকারিভাবে পালন করার জন্য কেন্দ্রীয় সরকারের কাছে দাবি জানানো হয়েছে ।

শ্রীভূমি ও হাইলাকান্দি জেলায়ও এই উপলক্ষে বিভিন্ন সংগঠনের পক্ষ থেকে নানা কার্যসূচি গ্রহণ করা হয়েছে ।

এদিকে নেতাজি সুভাষ চন্দ্র বসুর ১৩০ তম জন্মজয়ন্তী উপলক্ষে লক্ষ্মীপুর সম-জেলায় নেতাজির একটি পূর্ণাঙ্গ প্রতিমূর্তির আনুষ্ঠানিক আবরণ উন্মোচন করা হয় । লক্ষ্মীপুর শহরের কেন্দ্রস্থলে স্থাপন করা এই প্রতিমূর্তির আজ আনুষ্ঠানিক আবরণ উন্মোচন করেন রাজ্যের খাদ্য ও গ্রাহক পরিক্রমা সহ অন্যান্য দপ্তরের মন্ত্রী কৌশিক রাই । এই উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে সাংসদ পরিমল শুক্লবৈদ্য, রাজ্যসভার সদস্য কণাদ পুরকায়স্থ প্রমুখ বিশিষ্ট ব্যক্তি উপস্থিত ছিলেন । পরে সাংবাদিকদের সঙ্গে কথাপ্রসঙ্গে শ্রী রাই বলেন--

#বাইট#

এদিকে শিলচরের গুরুচরণ বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের উদ্যোগে আজ বিশ্ববিদ্যালয়ের সভাকক্ষে নেতাজির জন্মজয়ন্তীকে পরাক্রম দিবস হিসেবে উদযাপন করা হয়েছে । এই অনুষ্ঠানে নেতাজির দেশপ্রেম, আত্মত্যাগ ও বীরত্বপূর্ণ সংগ্রামের নানা দিক নিয়ে বিস্তারিত আলোচনা করা হয় । এতে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক

নিরঞ্জন রায়, রেজিস্ট্রার ডঃ বিদ্যুৎ কান্তি পাল, শিক্ষা বিভাগের নিবন্ধক অভিজিৎ নাথ, আয়োজক বিভাগের প্রধান ডঃ স্বরূপা ভট্টাচার্য প্রমুখ উপস্থিত ছিলেন । প্রদীপ প্রজ্জ্বলন করে নেতাজির প্রতিকৃতিতে পুষ্পার্ঘ অর্পণ করে অনুষ্ঠানের সূচনা করা হয় । উপাচার্য অধ্যাপক রায় বলেন- নেতাজির আদর্শ আমাদের প্রেরণার উৎস । ১৯৪৩ সালে আন্দামানে তিনি প্রথম জাতীয় পতাকা উত্তোলন করেছিলেন বলে উল্লেখ করে তিনি নেতাজির জীবন ও কর্ম থেকে অনুপ্রাণিত হয়ে তরুণ প্রজন্মকে দেশ ও সমাজের কল্যাণে আত্মনিয়োগ করার আহ্বান জানিয়েছেন ।
অন্যদিকে ছাত্র সংগঠন এ আই ডি এস ও, যুব সংগঠন এ আই ডি ওয়াই ও, মহিলা সংগঠন এ আই এম এস এবং কিশোর-কিশোরীদের সংগঠন কমসোমল'এর কাছাড় জেলা কমিটির উদ্যোগে শিলচরে এক শোভাযাত্রা বের করা হয় । প্রথমে গান্ধীবাগের নেতাজির প্রতিমূর্তিতে শ্রদ্ধা জ্ঞাপন করে পরে রাঙ্গিরখাড়িতে নেতাজির প্রতিমূর্তিতে শ্রদ্ধার্ঘ অর্পণ করা হয় । উল্লেখ্য- এই সংগঠনগুলির পক্ষ থেকে গত ১৮ই জানুয়ারি থেকে আগামী ২৭শে জানুয়ারি পর্যন্ত নেতাজি জন্মজয়ন্তী উপলক্ষে বিভিন্ন কার্যসূচি পালন করা হচ্ছে ।
হাফলঙেও আজ বিভিন্ন কার্যসূচির মাধ্যমে নেতাজি জন্মজয়ন্তী উদযাপন করা হয়েছে ।

------------------------------------------------------------------------------------

আজ বিদ্যার অধিষ্ঠাত্রী দেবী সরস্বতীর পুজো উপলক্ষে সমগ্র রাজ্যের সঙ্গে বরাক উপত্যকায়ও উৎসবের মেজাজ পরিলক্ষিত হয়েছে । উপত্যকার তিন জেলার স্কুল-কলেজ সহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান, সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানে আজ দেবী সরস্বতীর বন্দনা করা হয়েছে । মাঘ মাসের শুক্লা পঞ্চমী তিথিতে আজ দেবী সরস্বতীর আবাহনের জন্যে সকাল থেকেই বিশেষ করে ছাত্রছাত্রীদের মধ্যে ব্যাপক উৎসাহ পরিলক্ষিত হয়েছে । এই পুজোয় বসন্তের নব পল্লবিত আম্র মুকুল দিয়ে দেবীর বন্দনা করে শিক্ষার্থীরা দেবীর আশীর্বাদ কামনা করে থাকে । উপত্যকার বিভিন্ন সংস্থা-সংগঠনের উদ্যোগেও পুজোর আয়োজন করা হয়েছে । আজ সকাল থেকে ছোট ছোট মেয়েদের শাড়ি পড়ে এবং ছেলেদের পাঞ্জাবী পড়ে পুজোর আয়োজনে মেতে উঠতে দেখা গেছে । বেশ কিছু স্থানে সন্ধ্যায় সাংস্কৃতিক অনুষ্ঠানেরও আয়োজন করা হয়েছে ।

------------------------------------------------------------------------------------

আসাম সরকার আগামী কয়েক সপ্তাহের মধ্যে রাজ্যে ১০ হাজার শিক্ষার্থীকে প্রশিক্ষণ প্রদান করার ক্ষমতা সম্পন্ন একটি দক্ষতা বিশ্ববিদ্যালয়ের সূচনা করবে বলে মুখ্যমন্ত্রী

ডক্টর হিমন্তবিশ্ব শর্মা প্রকাশ করেছেন । রাজ্য সরকার উন্নয়নের ক্ষেত্রে বহুমুখী পদক্ষেপ গ্রহণ করেছে বলে উল্লেখ করে মুখ্যমন্ত্রী গতকাল ডাভসে এ কথা ঘোষণা করেছেন ।

---------------------------------------------------------------------------------------

পাঞ্জাব ন্যাশনেল ব্যাঙ্ক পরিচালিত পি এন বি আর সেটি কাছাড়ের উদ্যোগে কাছাড় ও হাইলাকান্দি জেলার ব্যাঙ্ক মিত্র তথা ডিজিপে সখীদের জন্য আয়োজিত ছয় দিনের ইউ ডি পি প্রশিক্ষন কর্মশালা গতকাল শেষ  হয়েছে । কর্মশালায় প্রায় ৩০ জন মহিলা ব্যাঙ্ক মিত্র অংশগ্রহন করেন । সমাপ্তি অনুষ্ঠানে পি এন বি আরসেটি কাছাড়ের সঞ্চালক অরুনজ্যোতি দে , সংযোজক শাহিদ চৌধুরী প্রমূখ বক্তব্য রাখেন ।

---------------------------------------------------------------------------------------